

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আঞ্চলিক সমবায় ইন্সটিউট  
মুক্তাগাছা, ময়মনসিংহ  
czi.mymensingh.gov.bd

স্মারক নং- ৪৭.৬১.০০০০.৮০১.২৫.০১৪.৯০-৪৩২(০৬)

তারিখ- ০৩/১১/২০২৪ খ্রি.

বিষয়ঃ ১০/১১/২০২৪ খ্রি. হতে ২১/১১/২০২৪ খ্রি. পর্যন্ত ১২ (বার) দিন মেয়াদী আইজিএ “কম্পিউটার” প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন।

সূত্র: অধ্যক্ষ(অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা মহোদয়ের স্মারক নং - ৪৭.৬১.০০০০.৮০১.২৫.০৪২.১২-৪৯৪/১(১০), তারিখ- ২৫.০৬.২০২৪ খ্রি

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১০/১১/২০২৪ খ্রি. হতে ২১/১১/২০২৪ খ্রি. পর্যন্ত ১২ (বার) দিন মেয়াদী আইজিএ ‘কম্পিউটার’ প্রশিক্ষণ কোর্স আঞ্চলিক সমবায় ইন্সটিউট, মুক্তাগাছা, ময়মনসিংহ-এ অনুষ্ঠিত হবে। বর্ণিত কোর্সে নিম্নবর্ণিত লক্ষ্যমাত্রা অনুযায়ী আগ্রহী সমবায় সমিতির সদস্যকে মনোনয়ন প্রদান করার জন্য অনুরোধ করা হলো। প্রশিক্ষণ কোর্সের নিয়ম মোতাবেক সকল সুযোগ-সুবিধাদি প্রাপ্ত হবেন।

ক্র.নং	জেলার নাম	প্রশিক্ষণার্থীর লক্ষ্যমাত্রা		মোট
		পুরুষ	মহিলা	
০১.	ময়মনসিংহ	০৪ জন	০২ জন	০৬ জন
০২.	টাঙ্গাইল	০২ জন	০২ জন	০৪ জন
০৩.	জামালপুর	০২ জন	০২ জন	০৪ জন
০৪.	শ্রেণপুর	০১ জন	০২ জন	০৩ জন
০৫.	নেত্রকোণা	০২ জন	০২ জন	০৪ জন
০৬.	কিশোরগঞ্জ	০২ জন	০২ জন	০৪ জন
	মোট	১৩ জন	১২ জন	২৫ জন

#### শর্তাবলী:

- ০১। মনোনীত প্রশিক্ষণার্থীগণকে নুন্যতম এইচএসসি/সমমান পাশ হতে হবে এবং তা যাচাই পূর্বক প্রেরণ করতে হবে।  
প্রশিক্ষণার্থীদের বয়স ১৮ থেকে ৪২ বছরের মধ্যে থাকতে হবে এবং কার্যকর সমবায় সমিতির ব্যবস্থাপনা  
কমিটির সভাপতি ও সম্পাদককে পাঠাতে হবে। প্রশিক্ষণার্থী প্রেরণের ক্ষেত্রে একই সমবায় সমিতির  
০২(দুই) জনের অধিক প্রশিক্ষণার্থী প্রেরণ করা যাবেন।
- ০২। মনোনীত প্রশিক্ষণার্থীগণকে সংশ্লিষ্ট জেলা বা উপজেলা সমবায় অফিসার কর্তৃক সত্যায়িত ০২(দুই) কপি ১৫০×১৫০  
সাইজের রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং মনোনয়নকৃত প্রশিক্ষণার্থীর সদস্য বইর তার  
নামের পাতার ফটোকপি সাথে আনতে হবে।
- ০৩। প্রশিক্ষণ কোর্সটি সম্পূর্ণ আবাসিক বিধায় প্রশিক্ষণার্থীগণ ছোট বাচ্চা সঙ্গে নিয়ে আসতে পারবেন।
- ০৪। প্রশিক্ষণ কোর্সটি সম্পূর্ণ আবাসিক বিধায় প্রশিক্ষণার্থী ব্যতিত অন্য কেউ হোটেলে অবস্থান করার সুযোগ নেই।  
প্রশিক্ষণকালীন কোন ছুটি প্রদান করা হবেনা বিধায় শারীরিকভাবে সুস্থ ও পারিবারিক ঝামেলামুক্ত প্রশিক্ষণার্থীদেরকে  
আগামী ০৯/১১/২০২৪ খ্রি. তারিখ সন্ধ্যা ৬:০০ টার মধ্যে ইন্সটিউটের হোটেল কর্তৃপক্ষের নিকট রিপোর্ট করতে  
হবে।
- ০৫। বিগত ০২(দুই) বছরের মধ্যে এ ইন্সটিউটে অনুরূপ প্রশিক্ষণ কোর্স গ্রহণ করেছেন এমন সমবায়ীকে প্রশিক্ষণার্থী  
হিসেবে পাঠানো যাবে না।
- ০৬। মনোনীত প্রশিক্ষণার্থীদের নাম, সমিতির নাম, ঠিকানা ও মোবাইল নম্বর এ কার্যালয়ে ০৬/১১/২০২৪ খ্রি. তারিখের  
মধ্যে ই-মেইলে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হ'ল।

জেলা সমবায় অফিসার  
কিশোরগঞ্জ/ নেত্রকোণা/ শ্রেণপুর/ জামালপুর/ টাঙ্গাইল/ ময়মনসিংহ

*Mukttagachaczi*  
মোহাম্মদ হাসিবুর রহমান মোজাহ  
অধ্যক্ষ(উপনিবন্ধক)  
আঞ্চলিক সমবায় ইন্সটিউট  
মুক্তাগাছা, ময়মনসিংহ।  
ফোন ০৯০২৮-৭৫৩২৬  
principal\_mukttagachaczi@yahoo.com

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। অধ্যক্ষ(অতিরিক্ত নিবন্ধক), বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা।
- ০২। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৩। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ময়মনসিংহ।

*৩০/১১/২০২৪*